প্রতি
মাননীয় মুখ্যমন্ত্রী
পশ্চিমবঙ্গ সরকার

সবিনয় নিবেদন,

সম্প্রতি কলকাতা পুলিশের নিয়ন্ত্রণাধীন ১৭৪টি রাস্তায় সাইকেল চলাচলের ওপর পুলিশ কমিশনার কর্তৃক নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। আগে ২০০৮ সালের আগস্ট মাসে কলকাতার ৩৮টি রাস্তায় সাইকেলের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল, সেটাকেই বাড়ানো হয়েছে এবার। এই নিষেধাজ্ঞার ফলে বিপদের সম্মুখীন সাধারণ সাইকেল আরোহী, সাইকেলের ওপর নির্ভরশীল বিভিন্ন পেশাজীবী মানুষ। এই নিষেধাজ্ঞা জাতীয় ট্রাফিক নীতিরও পরিপন্থী।

আমাদের আবেদন, আপনি কলকাতা শহরে সাধারণ মানুষের বাহন ও পরিবেশবান্ধব যান সাইকেলের ওপর কলকাতা পুলিশের এই নিষেধাজ্ঞা বাতিলের উদ্যোগ নিন। সাইকেল চালকদের ধরপাকড়, জরিমানা ও হয়রানি বন্ধ করার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করুন।

ধন্যবাদান্তে,

প্রতিলিপি : মাননীয় পরিবহণমন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার

নাম	পেশা	যোগাযোগ	মন্তব্য